মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী ।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব বি এম আতাউর রহমান (আতাহার) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। |
| সভার স্থান | ঃ | ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ । |
| সভারতারিখ ও সময় | ঃ | ১২/০৯/২০২১ সকাল ১১.০০ টা |

উপস্থিত সদস্য বৃন্দের স্বাক্ষর ঃ পরিশিষ্ট - ক

সভাপতি মহোদয় উপস্তিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার শিবচর, মাদারীপুর এ সভায় পূর্ববর্তী সভার কার্যপত্র পাঠ করেন এবং কোন সংশোধনী ও সংযোজনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। সভাপতি মহোদয়ের অনুমতি ক্রমে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভাটি পরিচালনা করেন। তিনি সভাকে অবহিত করেন যে,এ উপজেলায় ৪৪ টি বিদ্যালয় ও ১৭ টি মাদরাসা রয়েছে। মাদরাসা ও বিদ্যালয় শিক্ষা আধুনিক করণ সহ অন্যান্য সমস্যা গুলি নিম্নে তুলে ধরেন ঃ-

| ক্র | আলোচ্য বিষয় | প্রস্তাবনা ও আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | শিক্ষা প্রতিষ্ঠান পুনরায় চালুকরণ । | মাধ্যমিক শি ক্ষ া অফিসার জানান শিবচর উপজেলাধীন সকল শি ক্ষা প্রতিষ্ঠান দীর্ঘ ১৯ মাস পর খোলার সিদ্ধান্ত কে স্বাগত জানায়ে সভার কাজ শুরু করেন । অদ্য ১২/০৯/২০২১ খ্রিঃ তারিখ সরকারের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্য বিধি অনুসরন পূর্বক শ্রেণি কার্যক্র ম চালু থাকবে। | সভায় এ মর্মে সিদ্ধান্ত হয় যে,প্রতিষ্ঠানের শ্রেণি কার্যক্রম পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত চলমান থাকবে । |
| ০২ | নূরুদ্দিন মাদবরের কান্দিএস.ই.এস.ডি.পি মডেল উচ্চ বিদ্যায়ে আর্থিক অনুদান সংক্রান্ত | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার প্রস্তাব রাখেন যে,প্রধান শিক্ষক , নূরুদ্দিন মাদবরের কান্দি এস.ই.এস.ডি.পি মডেল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের একটি আবেদন পাওয়া গিয়াছে।আবেদনে উল্লেখ রয়েছে ২০২০ সালের ২৩ জুলাই প্রলয়ংকারী বন্যা ও পদ্ম নদী ভাংগনের ফলে প্রতিষ্ঠানটি পদ্মা নদী গর্ভে বিলীন হয়ে যায়,যা বিভিন্ন ইলেক ট্রনিক্স মিডিয়ায় সরাসরি সম্প্রচার করা হয়। বর্তমানে বিদ্যালয় টি বন্দর খোলা ইউনিয়নের ০৮ নয় ওয়ার্ডে জনাব আব্দুস সামাদ উকিলের বাড়ি সংলগ্ন স্থানে স্থানান্তরিতহ হয়ে যা পাঠদান কার্যক্র সুষ্ঠ ভাবে অব্যাহত রাখার নিমিত্তে ঐ বিদ্যালয়ের যথারীতি শ্রেণি কার্যক্রম পরিচালিত হচ্ছে। কিন্তু রুমের সংকট রয়েছে , প্রয়োজনীয় সংখ্যক রুম নাই। সেখানে বর্তমানে শিক্ষার্থীদের একাডেমিক ভবন (৯০ ২৩ ) বর্গফুট সেমি পাকা ভবন ওয়াশরুম সহ জরুরী ভিত্তিতে নির্মানের লক্ষ্যে ১৫,০০.০০০ (পনের লক্ষ) - ২০,০০,০০০ (বিশ লক্ষ) টাকা অনুদানের জন্য সভায় অনুরোধ জানান। | নুরুদ্দিন মাদবরের কান্দি এসইএসডিপি মডেল উচ্চ বিদ্যালয়ের একাডেমিক ভবন নির্মানের লক্ষ্যে জরুরী ভিত্তিতে পনের-বিশ লক্ষ টাকা (UGDP) খেকে অনুদান প্রদানের প্রস্তাব সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিষয়টি উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপনের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিবচরকে অনুরোধ করা হয়। |
| ০৩ | ইউজিডিপি থেকে শিক্ষক-শিক্ষার্থী প্রশিক্ষণ সংক্রান্ত ২টি প্রক ল্প বাস্তবায়ন | (ক) মাধ্যমিক বিদ্যালয়ের শি ক্ষ ার্থীদের (৯ম ও ১০ম শ্রেণীর) ক্যারিয়ার গাইড লাইন বিষয়ক ওরিয়েন্টেশন ও (খ) মাধ্যমিক পর্যায়ের শি ক্ষকদের আইসিটি বিষয়ক প্রশিক্ষণ সংক্রান্ত বিষয় বিস্তারিত আলোচনা হয়। | ইউজিডিপি থেকে অনুদান প্রাপ্তি সাপেক্ষে শিক্ষক-শিক্ষার্থী প্রশিক্ষণ সংক্রান্ত ২টি প্রকল্প (UGDP) থেকে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৪ | ২০২২ সনে অনুষ্ঠি ত এসএসসি ও দাখিল পরীক্ষ ার ফরমপূরণে অতিরি ক্ত ফি ধার্য করণ। | সভাপতি মহোদয় উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান যাতে কোন ক্রমেই আগামী এসএসসি/ দাখিল পরী ক্ষা - ২০২২ এর ফরম পূরন বাবদ অতিরিক্ত অর্থ আদায় করতে না পারে সে বিষয়ে প্রতিষ্ঠান প্রধানদের নির্দেশনা প্রদান করতে মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করেন । | শিক্ষা প্রতিষ্ঠানের মানোন্নয়ন ও আর্থিক বিষয়ে স্বচ্ছতা আনায়নের জন্য প্রতিষ্ঠান প্রধান, ম্যানেজিং কমিটির সভাপতি ও সদস্যগণের সমন্বয় সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৫ | বৈজ্ঞানিক যন্ত্রপাতি | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভাকে জানান যে, শিক্ষা মন্ত্রণালয়ের সেসিপ প্রকল্প হতে শিক্ষা প্রতিষ্ঠানের মাঝে বৈজ্ঞানিক যন্ত্রপাতি বিতরণ করা হয়েছে। যা সংর ক্ষ ণ ও ব্যবহার নিশ্চিত করা জরুরী। | শিক্ষা প্রতিষ্ঠানে বিজ্ঞান শিক্ষা এগিয়ে নিতে এ সকল যন্ত্রপাতি সঠিক ব্যবহার নিশ্চিত করতে মাধ্যমিক শিক্ষা অফিসার ও প্রতিষ্ঠান প্রধানদের সক্রিয় হতে হবে। |
| ০৬ | নদী ভাংগন এলাকার শিক্ষা প্রতিষ্ঠ ান স্থানান্তর ও সংস্কার | কমিটির সদস্য জনাব নিজাম উদ্দিন বেপারী, চেয়ারম্যান বন্দরখোলা ইউনিয়ন পরিষদ বলেন ,শিবচর উপজেলার পাঁচটি ইউনিয়ন নদী ভাংগন এলাকা । এ সকল এলাকার মাধ্যমিক পর্যায়ের ০৫(পাঁচ)টি | উপজেলা মাধ্যমিক অফিসার জানান যে বিষয়টি উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মাধ্যমে মাননীয় চীফ |

| | | | |
|---|---|---|---|
| | করণ। | শিক্ষা প্রতিষ্ঠান নদীতে বিলীন হয়েছে । এ সকল প্রতিষ্ঠান জরুরী ভিত্তিতে অন্যত্র স্থানান্তর করা প্রয়োজন। এ বিষয়ে মাননীয় চীফ হুইপ ও উপজেলা পরিষদকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে ও অবহিত করা প্রয়োজন। | হুইপকে অবহিত করা হয়েছে । |

পরিশেষেআর কোনআলোচনানা থাকায়সভাপতিসকলকেধন্যবাদ জানায়েসভারসমাপ্তি ঘোষনাকরেন।

২২/৯/২২

বি এম আতাউর রহমান (আতাহার)
ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি
শিবচর, মাদারীপুর।

নংঃ উমাশিকা.শিব.স্থায়ীকমিটি.

তারিখঃ ১২/০৯/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। চেয়ারম্যান,উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।

২। উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।
৩। চেয়ারম্যান..................................................................ইউপি ,শিবচর, মাদারীপুর।
৩। অফিসকপি।

২২/০৯/২২

(মোফাজ্জেল হোসেন)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
শিবচর, মাদারীপুর।

# মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি উপস্থিতি স্বাক্ষর

পরিশিষ্ট“ ক”

## তারিখ ঃ ১২/০৯/২০২১ খ্রি.

| ক্রঃ নং | সদস্যবৃন্দের নাম ও ঠিকানা | উপস্থিতি স্বাক্ষর | অনুপস্থিত সদস্যবৃন্দ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | বি এম আতাউর রহমান (আতাহার)<br>ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ,<br>শিবচর, মাদারীপুর। | | | |
| ২ | মোঃ মুরাদ মিয়া<br>চেয়ারম্যান, দত্তপাড়া ইউনিয়ন পরিষদ,<br>শিবচর,মাদারীপুর। | [signature] | | |
| ৩ | মোঃ ফজলুল হক<br>চেয়ারম্যান, মাদবরের ইউনিয়ন পরিষদ<br>শিবচর, মাদারীপুর। | [signature] | | |
| ৪ | মোঃ সুরাব উদ্দিন মাতুব্বর<br>চেয়ারম্যান, শিরুয়াইল ইউনিয়ন পরিষদ<br>শিবচর, মাদারীপুর। | [signature] | | |